# জয়পুরহাট জেলার বিভাগীয় মাসিক সমন্বয় সভা ডিসেম্বর/২৩ মাসের কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ রাহেলা পারভীন<br>উপপরিচালক<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট। |
| সভার স্থান | : | উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহট। |
| তারিখ | : | ১১/১২/২০২৩ খ্রি.। |
| সময় | : | সকাল- ১০.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়ের উপর আলোচনা ও সভা পরিচালনার জন্য জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট-কে অনুরোধ জানান। জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জেলায় নবাগত যোগদানকৃত অফিসারগণ কে সকলের সাথে পরিচয় করিয়ে দেন। এরপর বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | মাঠ ফসলের আবাদ পরিস্থিতি ও বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা | জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট অতিরিক্ত উপপরিচালক (শস্য) কে তাঁর সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট জানান যে, মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসল সুষ্ঠভাবে আবাদের লক্ষ্যে কৃষকের দোরগোড়ায় সঠিক প্রযুক্তিসহ পরামর্শ সেবা পায় সে বিষয়ে সকলের মনিটরিং জোরদার করতে হবে। আলু, সরিষাসহ সকল প্রকার মাঠ ফসলের আবাদের তথ্য মাঠের বাস্তবতার নিরিখে প্রতিবেদন প্রেরণ করতে হবে। সে বিষয়ে সকলকে সর্তকতার সাথে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন গাইডলাইন অনুযায়ী কাজ করতে হবে। সেইসাথে প্রকল্পের প্রাথমিক প্রতিবেদন জেলা অফিসে প্রদর্শনী বাস্তবায়নের সাথে সাথে প্রেরণ করতে হবে। | মাঠে দন্ডায়মান ফসল সুষ্ঠভাবে আবাদের লক্ষ্যে সার্বক্ষণিক কৃষকদের পরামর্শসহ মাঠের বাস্তবতার নিরিখে প্রতিবেদন প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্প বাস্তবায়ন গাইডলাইন অনুযায়ী প্রকল্পের সকল কাজ বাস্তবায়ন করাসহ প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যেই জেলা অফিসে প্রেরনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) অতিরিক্তি উপপরিচালক (শস্য)<br>খ) উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ) কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (সকল) |
| ০২ | বিভিন্ন প্রকার রাসায়নিক সার, জ্বালানির উত্তোলন, বিতরণ ও মজুত পরিস্থিতি এবং মোবাইল কোর্ট পরিচালনা বিষয়ে আলোচনা। | অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট জানান যে, সারের মজুত পরিস্থিতি স্বাভাবিক। বর্তমানে গত বছরের তুলনায় সকল সারের মজুত বেশি রয়েছে। বর্তমানে ইউরিয়া ২৮৪৪.৪৫ মে.টন, টিএসপি ৭০৬.৭ মে.টন, এমওপি ১৩৬৭.১৫ মে.টন ও ডিএপি ৮৯২.৪ মে.টন সার মজুত রয়েছে। আলুসহ বোরো মৌসুমে ফসল আবাদ সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ার জন্য সার মনিটরিং জোরদার করাসহ স্ব স্ব উপজেলায় জ্বালানি তেলের মজুত, বিতরণ তথ্য রেজিষ্টারে লিপিবদ্ধ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আরও আলোচনা করা হয় সার, বালাইনাশক ভেজাল প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন। সার পরীক্ষার জন্য সঠিক নিয়মে নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | সারের ও জ্বালানি তেলের মজুত, বিতরণ, রেজিষ্টার, ক্যাশ মেমোতে বিক্রয় ইত্যাদি বিষয়ে মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহিত হয়। বিএডিসির বীজ ডিলার হতে সার ডিলারের নিবন্ধনের বিষয়ে দ্রুত সময়ের মধ্যে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা করে সভার রেজুলেশন জেলা কমিটিতে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। সার ও বালাইনাশক ভেজাল প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা ও সারের নমুন্না পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) অতিরিক্তি উপপরিচালক (শস্য)<br>খ) উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ) কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৩ | ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়িত প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন ও সমলয় চাষাবাদের অগ্রগতি বিষয়ে আলোচনা। | জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, প্রণোদনা কর্মসূচির বিভিন্ন ফসলের বীজ বিতরণ সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান যে, প্রণোদনার সকল কার্যক্রম যেন নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন হয় সে বিষয়ে সকলের মনিটরিং জোরদার করতে হবে। এর ব্যতয় ঘটলে স্ব স্ব উপজেলা কৃষি অফিসার দ্বায়ী থাকবেন। সমলয় চাষাবাদের পুর্বে সমলয় চাষিদের নিয়ে মতবিনিময় সভা করা প্রয়োজন। এতে করে সমলয়ের লক্ষ্য ও উদ্দেশ্য কৃষকগণ জানতে ও বুঝতে পারবে। | খুব দ্রুত সময়ের মধ্যে প্রণোদনা কর্মসূচির সকল কাযর্ক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। সমলয়ের চাষি নির্বাচন করে চারা উৎপাদনসহ কৃষকদের নিয়ে মতবিনিময় সভা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) জেলা প্রশিক্ষণ অফিসার<br>খ) উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ) কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (সকল) |
| ০৪ | বালাইনাশক লাইসেন্স, কৃষক মাঠ স্কুল ও বিভিন্ন প্রতিবেদন বিষয়ে আলোচনা। | জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট অতিরিক্ত উপপরিচালক (পিপি) কে তাঁর সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে অতিরিক্ত উপপরিচালক (পিপি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট জানান যে, বালাইনাশক লাইসেন্স এর আবেদন প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি ভালভাবে দেখে যাচাই বাছাই করে সঠিক কাগজপত্রাদি প্রেরণ করতে হবে। কৃষক মাঠ স্কুলের ক্লাশ সিডিউল উপপরিচালকের কার্যালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে। ক্লাস সিডিউল অনুসারে জেলা কার্যালয় হতে এফ এফ এস মনিটরিং করা হবে। সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সকল প্রকার প্রতিবেদন সঠিক সময়ে ভালভাবে পড়ে বুঝে প্রেরণ করতে হবে। | নতুন বালাইনাশক লাইসেন্স প্রদানের ব্যাপারে কাগজপত্রাদি ভালভাবে যাচাই বাছাই করে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলো। কৃষক মাঠ স্কুলের ক্লাশ সিডিউল নিয়মিত জেলা কার্যালয়ে প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয়। পিপি সেকশনের বিভিন্ন প্রতিবেদন নির্ভূলভাবে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | ক) অতিরিক্ত উপপরিচালক (পিপি)<br>খ) উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ) কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (সকল) |
| ০৫ | এপিএ, শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার, সিটিজেন চার্টার, ওয়েব পোর্টাল হালনাগাদ ও জমিজমার মামলা বিষয়ে আলোচনা। | অতিরিক্ত উপপরিচালক (পিপি), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, এপিএ, শুদ্ধাচার, সিটিজেন চার্টার ও ওয়েব পোর্টাল হালনাগাদ করা প্রত্যেক উপজেলা থেকে শুরু করে মন্ত্রণালয় পর্যন্ত অত্যন্ত জরুরী। এপিএ এর প্রমাণকসহ সঠিক সময়ে জেলায় প্রতিবেদন প্রেরণ করতে হবে। এ ব্যাপারে কারও কোন সমস্যা হলে অতিরিক্ত উপপরিচালক (পিপি), স্যারের সাহায্য নেওয়া যেতে পারে। প্রত্যেক উপজেলার ওয়েব পোর্টাল খুব দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করতে হবে। জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, যদি কোন উপজেলায় জমিজমার মামলা থেকে থাকে তাহলে মামলার বিষয়ে যা যা করা দরকার সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার করবেন। | এপিএ, শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার, সিটিজেন চার্টার, ওয়েব পোর্টাল হালনাগাদ ও জমিজমার মামলার প্রতিবেদন সঠিক সময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হলো। | ক) জেলা প্রশিক্ষণ অফিসার<br>খ) অতিরিক্ত উপপরিচালক (পিপি)<br>গ) উপজেলা কৃষি অফিসার (সকল)<br>ঘ) কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (সকল) |
| ০৬ | নার্সারী রেজিস্ট্রেশন ও প্রতিবেদন বিষয়ে আলোচনা। | অতিরিক্ত উপপরিচালক (উদ্যান), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জয়পুরহাট জানান যে, নার্সারী লাইসেন্স এর আবেদন প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি ভালভাবে দেখে সঠিক কাগজপত্রাদি প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরও জানান যে, মেয়াদত্তীর্ন নিবন্ধনকৃত লাইসেন্স গুলো নবায়ন করার বিষয়ে জরুরী পদক্ষেপ নিতে হবে। | নতুন নার্সারী গুলোর লাইসেন্স এর কাগজপত্র যাচাই বাছাই করে পাঠাতে হবে সেই সাথে পুরাতন নার্সারীগুলোর লাইসেন্স নবায়ন করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। | ক) অতিরিক্ত উপপরিচালক (উদ্যান)<br>খ) উপজেলা কৃষি অফিসার (সকল)<br>গ) কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (সকল) |

অতঃপর আর কোন আলোচনা না থাকায়  উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোছাঃ রাহেলা পারভীন)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপপরিচালকেরকার্যালয়
কৃষিসম্প্রসারণঅধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট
www.dae.joypurhat.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

স্মারক নং-১২.১৭.৩৮০০.০৪১.০৬.৩১৪.১৭- ৮০ (২০) তারিখ:১৬/০১/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,বগুড়া অঞ্চল,বগুড়া।
২। উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, জামালগঞ্জ, জয়পুরহাট।
৩। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জয়পুরহাট।
৪। জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট।
৫। অতিরিক্ত উপপরিচালক (শস্য/পিপি/উদ্যান), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট।
৬। উপজেলা কৃষি অফিসার (সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই),জয়পুরহাট।
৭। কৃষি প্রকৌশলী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জয়পুরহাট।
৮। কৃষি সম্প্রসারণ অফিসার (সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই),জয়পুরহাট।
৯। সহকারী তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, পাবনা।
১০। সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, জয়পুরহাট।
১১। অফিস নথি।

১৬/১/২৪
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, জয়পুরহাট ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি